ঝিনাইদহে প্রতিবন্ধী বিদ্যালয়ে ডিজিটালাইজেশনের উদ্বোধন

ঝিনাইদহে আব্দুল রাজ্জাক স্মৃতি অটিষ্টিক ও প্রতিবন্ধী বিদ্যালয়ে বিশেষ শিক্ষা কার্যক্রম উপলক্ষে আধুনিক ও ডিজিটালাইজেশনের উদ্বোধনী করা হয়েছে। শুক্রবার দুপুরে সদর উপজেলার কুশাবাড়িয়া গ্রামের প্রতিষ্ঠান প্রাঙ্গণে এ আয়োজন করা হয়।

এসময় ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টনের সভাপতিত্বে বক্তব্য রাখেন রান ডেভোলপমেন্ট সোসাইটির মহাসচিব গাউসুল আজম সিমু, সদর উপজেলা সহকারি শিক্ষা অফিসার হামিদুল ইসলাম, এন এসটি ডিজিটাল বিডির মার্কেটিং ডাইরেক্টর সাকিব আল হাসান, রান ডেভোলপমেন্ট সোসাইটির পরিচালক প্রশিক্ষণ রেজাউল করিম, আব্দুল রাজ্জাক স্মৃতি অটিষ্টিক ও প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আলী, ইউপি সদস্য কটোন হোসেন, মহিদুল ইসলামসহ অন্যান্যরা।

আলোচনা শেষে রান ডেভোলপমেন্ট সোসাইটির তত্তাবধানে এন এসটি ডিজিটাল বিডি লিমিটেড এর পক্ষ থেকে আব্দুল রাজ্জাক স্মৃতি অটিষ্টিক ও প্রতিবন্ধী বিদ্যালয়ে কম্পিউটার এটেনডেন্ট মেশিন, স্পেশাল স্কুল ম্যানেজমেন্ট সফট্ওয়ার এবং ওয়াই-ফাইসহ সকল যন্ত্রাংশ প্রদান করা হয়।

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ায় মুজিবনগর আওয়ামী লীগের আনন্দ মিছিল

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য, জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে আনন্দ মিছিল

করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

বুধবার বিকালে কেদারগঞ্জ বাজার চাররাস্তার মোড় থেকে এ মিছিলটি বের করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে মিছিলটি শড়রের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বল্লভপুর মোড় থেকে মানিকনগর গ্রামের মধ্যে দিয়ে পুনরায় কেদারগঞ্জ বাজার প্রাঙ্গনে এসে শেষ হয়।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য তোতা, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,

মোনাখালী ইউনিয়ন আওয়ী লীগের সভাপতি রফিকুল ইসলাম অপাগাইন, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোস্তফা, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, উপজেলা শ্রমীক লীগের সভাপতি আবুল কালাম আজাদ, উপজেলা যুবমহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন,

জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের সাবেক সভাপতি সাহওয়ালীউল্লাহ সোহাগ, সহ আওয়ামী লীগ সংগঠনের নেতাকর্মীরা উক্ত বিক্ষোবে অংশ নেন।

পরে রয়েল কাউন্টারের সামনে এক সমাবেশের আয়োজন করা হয়।

মেহেরপুরে `মুজিবনগর বিশ্ববিদ্যালয়` এর অনুমোদন

মেহেরপুরে মুজিবনগর বিশ্ববিদ্যালয়সহ দেশের তিন জেলায় ৩টি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী।
শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারি সচিব নীলিমা অাফরোজ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে। বাকি দুটি বিশ্ববিদ্যালয় হচ্ছে নারায়নগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং নাটোরে ড.এম ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয়।
বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ৩টি যুগোপযোগী খসড়া প্রণয়ন কমিটি করে দ্রুত পাঠানোর বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের চেয়ারম্যানকে নির্দেশ দেওয়া হয়েছে।

প্রাথমিকে শিক্ষক নিয়োগ: কোন বিভাগে কতজনের আবেদন?

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগের জন্য সম্প্রতি আবেদন গ্রহণ করা হয়। ৩২ হাজার ৫৭৭টি পদের বিপরীতে এবার আবেদন করেছেন ১৩ লাখ ৯ হাজার ৪৬১ জন। ফলে একটি পদের জন্য চাকরিপ্রত্যাশীর সংখ্যা হলো ৪০ জন। এখন আসুন জেনে নিই, কোন বিভাগে কতজন আবেদন করেছেন?

প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) সূত্রে জানা গেছে, এবার বিভাগভিত্তিক সবচেয়ে বেশি আবেদন পড়েছে ঢাকা বিভাগে। সবচেয়ে কম আবেদন সিলেট বিভাগে।

সূত্র জানায়, এবার ঢাকা বিভাগে আবেদন পড়েছে ২ লাখ ৪০ হাজার ৬১৯টি, রাজশাহীতে ২ লাখ ১০ হাজার ৪৩০, খুলনায় ১ লাখ ৭৮ হাজার ৮০৩, ময়মনসিংহে ১ লাখ ১২ হাজার ২৫৬, চট্টগ্রামে ১ লাখ ৯৯ হাজার ২৩৬, বরিশালে ১ লাখ ৯ হাজার ৩৪৪, সিলেটে ৬২ হাজার ৬০৭ এবং রংপুর

বিভাগে ১ লাখ ৯৬ হাজার ১৬৬টি আবেদন পড়েছে।

গত ২৫ অক্টোবর অনলাইনে আবেদন শুরু হয়। শেষ হয় ২৪ নভেম্বর।

কুষ্টিয়ার মিরপুরে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহে কমলা-হারুন মেধাবৃত্তি সংগঠন আয়োজিত বৃত্তিপ্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা, ল্যাপটপ ও ক্রেস্ট প্রদান করা হয়।

গতকাল শনিবার সকালে মেগাটেক ফাউন্ডেশনের চেয়ারম্যান সোনিয়া সুলতানার সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব একেএম টিপু সুলতান, বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জোবায়ের হোসেন চৌধুরী ও মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত সচিব টিপু সুলতান বলেন, শিক্ষা জাতির মেরুদণ্ড। তাই শিক্ষার বিকল্প নেই। যে জাতি যত শিক্ষিত, সে জাতি তত উন্নত। শিক্ষা ও জ্ঞান অর্জনের মাধ্যমে আলোকিত মানুষ ও সমাজ গড়তে হবে। দেশের অগ্রগতি-উন্নয়ন ত¦রান্বিত ও সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়তে সকলকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, আইলচারা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, পোড়াদহ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক কামরুন নাহার, সাবেক ইউপি চেয়ারম্যান মোতালেব হোসেন, মেগাটেক ফাউন্ডেশনের সমন্বয়কারী হাফিজুর রহমান প্রমুখ।

সভা শেষে বৃত্তিপ্রাপ্ত মাধ্যমিক স্তরের এক ছাত্র ও প্রাথমিক স্তরের এক ছাত্রকে দুটি ল্যাপটপ ও অংশগ্রহণকারী অপর ৩০ জন শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়।

ঝিনাইদহে মেধাবী শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান

ঝিনাইদহে ৪৫ জন মেধাবী অস্বচ্ছল শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান করা হয়েছে। গতকাল শনিবার সকালে শহরের পবহাটি এলাকায় সৃজনী ফাউন্ডেশন ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের পক্ষ থেকে এ বৃত্তি প্রদান করা হয়।

ঝিনাইদহের পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম শিক্ষার্থীদের হাতে এককালীন ১২ হাজার টাকা করে বৃত্তি তুলে দেন।

এ সময় সৃজনী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী ড.হারুন-অর-রশীদ, সদর থানার ওসি মিজানুর রহমান, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, সৃজনী ফাউন্ডেশনের সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা মোজাম্মেল হক, রেডিও ঝিনুকের স্টেশন ম্যানেজার পারভীন নাহারসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ইবি কর্মকর্তাদের দু’গ্রুপে সংঘর্ষ

মহান বিজয় দিবস উপলক্ষে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে গিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) কর্মকর্তাদের দু’গ্রুপ সংঘর্ষে জড়িয়ে পড়েন। সংঘর্ষ থামাতে গিয়ে বিশ্ববিদ্যালয়ের একাধিক শিক্ষক ও সাংবাদিক লাঞ্চিত হয়েছেন। এছাড়া শ্রদ্ধাঞ্জলির পুষ্পমাল্য ভেঙে পায়ে মাড়ানোরও অভিযোগ উঠেছে।

গতকাল বুধবার দুপুরে ক্যাম্পাসের মুক্ত বাংলা চত্ত্বরে এ ঘটনা ঘটে। অভিযুক্তরা ঘটনার পরপরই নিজেদের ভুল স্বীকার করে

সাংবাদিকদের কাছে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, মহান বিজয় দিবস উপলক্ষে ক্যাম্পাসে অবস্থিত মুক্তিযুদ্ধের অন্যতম স্মারক ভাস্কর্য ‘মুক্ত বাংলা’য় শ্রদ্ধাঞ্জলি অর্পণ নিয়ে কর্মকর্তাদের দুটি পক্ষ বাকবিতন্ডায় জড়িয়ে পড়েন। পরে তা মারামারিতে রূপ নেয়। এসময় তাদের হাতে বাঁশ ও লাঠি দেখা যায়।

কর্মকর্তা সমিতির সদস্যরা একপর্যায়ে কর্মকর্তা এসোসিয়েশনের সদস্যের ধাওয়া করে প্রধান ফটক পার করে দিয়ে আসেন। এসময় ছবি তুলতে গেলে কয়েকজন কর্মকর্তা সাংবাদিকদের কাজে বাধা দেন।

এর আগে, বিশ্ববিদ্যালয় প্রশাসনসহ একে একে শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, বঙ্গবন্ধু পরিষদ পুষ্পস্তবক অর্পণ করে। পরে সকাল পৌনে ১১টার দিকে কর্মকর্তা সমিতি থেকে বেরিয়ে এসে নতুন গড়া অফিসার্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে কয়েকজন কর্মকর্তা ফুল দিতে গেলে কর্মকর্তা সমিতির সদস্যরা বাধা দেন।

কর্মকর্তা সমিতির অভিযোগ অফিসার্স ইউনিটির কর্মকর্তারা জুতা নিয়ে বেদিতে ফুল দেন। এসময় তারা বাধা দিতে গেলে সংঘর্ষের ঘটনা ঘটে। পরে কর্মকর্তা সমিতির ধাওয়া খেয়ে ক্যাম্পাস ত্যাগ করে অফিসার্স ইউনিটের কর্মকর্তারা।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. পরেশ চন্দ্র বর্মণ বলেন, ‘আমার ২২ বছরের শিক্ষকতা জীবনে কখনো এমন ঘটনার সৃষ্টি হয়নি। এ ঘটনাটি খুবই দুঃখজনক, অনাকাঙ্ক্ষিত এবং অপ্রত্যাশিত।’

এদিকে, জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে গিয়ে বিশ্ববিদ্যালয় পর্যায়ের কমকর্তাদের এমন মারামারি ও পুষ্পমাল্য ভেঙে পায়ে মাড়ানোর ঘটনায় নিন্দার ঝড় বইছে। বিভিন্ন শিক্ষক সংগঠন, ছাত্রসংগঠন এই ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ঘটনাটিকে ইবির ইতিহাসের জঘন্যতম ঘটনা হিসেবে আখ্যায়িত করে সামাজিক যোগাযোগ মাধ্যমেও সরব হয়েছেন সাবেক-বর্তমান শিক্ষক-শিক্ষার্থীরা। সুত্র:- নয়া দিগন্ত

শোলমারী বালিকা বিদ্যালয়ে আলোচনা সভা

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মেহেরপুর শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে বিদ্যালয়ের হলরুমে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রধান শিক্ষক মাহাবুব রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য দেন, সহকারী শিক্ষক আব্দুল আলিম, ফারুক হোসেন। এসময় উপস্থিত ছিলেন, সহকারী শিক্ষক আব্দুল জাব্বার, মমতাজ পারভিন, মর্তুজা ফারুক, জিয়াউর রহমান, রিপন আলী।

পরে শহীদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনা করেন ধর্মীয় শিক্ষক শরিফউদ্দিন।

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষা ব্যয় নির্ধারণ করবে মন্ত্রণালয়

দেশের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সব ধরনের শিক্ষা ব্যয় নির্ধারণ করে দেবে শিক্ষা মন্ত্রণালয়। এ জন্য ‘এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের আয় ও ব্যয় সংক্রান্ত নীতিমালা ২০২০’ প্রণয়ন করা হয়েছে। এই নীতিমালা আগামী বছর থেকে বাস্তবায়ন হতে পারে।

শনিবার (১২ ডিসেম্বর) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ড. সৈয়দ মো. গোলাম ফারুক বলেন, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের বিরুদ্ধে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায় এবং আদায়কৃত অর্থ নানানভাবে লুটপাটের অভিযোগ আসছিল। বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ ব্যয়ে স্বচ্ছতা নেই। ফলে এই নীতিমালা প্রণয়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। খসড়া নীতিমালাটি এখন

চূড়ান্ত পর্যায়ে। আগামী বছর থেকে এই নীতিমালা কার্যকর হতে পারে। এটি বাস্তবায়নে কঠোর পদক্ষেপ নেওয়া হবে।

নীতিমালায় যেসব খাতে শিক্ষা ব্যয় যা নির্ধারণ করে দেওয়া হবে সেগুলো হল-
স্কুলে মাসিক বেতন ও ভর্তি ফি

ঢাকা মহানগর ও তার আশেপাশের এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানে প্রথম থেকে নবম শ্রেণির মাসিক বেতন ২৫-৪৫ টাকা, জেলা সদর ও পৌর এলাকায় ২০-৪০ টাকা, উপজেলায় ১৫-৩৫ টাকা এবং সুবিধাবঞ্চিত এলাকায় ১২-৩০ টাকা নির্ধারিত থাকবে। ভর্তির আবেদন ফি পর্যায়ক্রমে ৭৫-২০০ টাকা নির্ধারণ করা হবে। ভর্তি ও পূর্ণ ভর্তি ফি ৩০০ থেকে এক হাজার টাকা ধার্য থাকবে।

ষাণ্মাসিক ও বার্ষিক পরীক্ষাসহ অন্যান্য ফি

প্রাথমিক স্তরে ষাণ্মাসিক ও বার্ষিক পরীক্ষার ফি নেওয়া যাবে ৩০০-৫০০ টাকা এবং মাধ্যমিক স্তরের জন্য ৬০০-৮০০ টাকা। এছাড়া ধর্মীয় অনুষ্ঠান ফি ৫০ টাকা, ম্যাগাজিন ফি ১০০, মুদ্রণ বাবদ ১৫০, সাংস্কৃতি অনুষ্ঠান, বিতর্ক ও বিভিন্ন দিবস উদযাপনে ৫০ থেকে ৭৫ টাকা, কম্পিউটার চার্জ ২৫ থেকে ৫০ টাকা, কৃষি ও বাগান ফি (যদি থাকে) ৩০ টাকা, কমন রুম ফি ২০ থেকে ৩৫, জাতীয় শিক্ষা সপ্তাহ ফি ৫, বিএনসিসি ফি ৫, রেডক্রিসেন্ট ফি ২০, মসজিদ ও উপাসনালয়ের জন্য ২৫ থেকে ৫০ টাকা ধার্য করা থাকবে।

রেজিস্ট্রেশন ফি

অষ্টম ও নবম শ্রেণির রেজিস্ট্রেশন ফি, পরীক্ষার ফি, ব্যবহারিক পত্রের ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি, মূল সনদ ফি শিক্ষা বোর্ড থেকে নির্ধারণ করে দেওয়া হবে। এছাড়া স্কাউট ফি, ক্রীড়া, কল্যাণ, বিজ্ঞান ও প্রযুক্তি ফিও নির্ধারণ করে দেবে বোর্ড। উন্নয়ন ফি ভর্তি নীতিমালা অনুযায়ী আদায় করা যাবে।

একাদশ ও দ্বাদশ শ্রেণির ব্যয়

কলেজ পর্যায়ে একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের মাসিক বেতন নির্ধারণ করা হবে ৮০-১৫০ টাকা, অনলাইন আবেদন, রেজিস্ট্রেশন ফি, উন্নয়ন ফি ভর্তি নীতিমালা অনুযায়ী নির্ধারণ করা হবে। প্রতি বিষয়ে অভ্যন্তরীণ ফি ৫০ থেকে ৪০ টাকা আদায় করা হবে।

তবে প্রতি বিষয়ে, ব্যবহারিক পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট, সনদ, পরীক্ষা কেন্দ্র, রোভারস্কাউট, ক্রীড়া, রেডক্রিসেন্ট, বিজ্ঞান ও প্রযুক্তি ফি, বিএনসিসি ফি ভর্তি নীতিমালা অনুযায়ী পরিশোধ করতে হবে।

কলেজে আনুষঙ্গিক ব্যয়

একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের সেশন চার্জসহ ভর্তি ফি নির্ধারণ করা হবে এক হাজার থেকে পাঁচ হাজার টাকা। এর বাইরে কল্যাণ ফি বাবদ ২০ টাকা, পরিচয়পত্র ফি ৩০ টাকা, লাইব্রেরি ফি ২৫ টাকা, ল্যাবরেটরি/বিজ্ঞানাগার ফি ১০০ টাকা, আইসিটি ফি ২০ টাকা, ম্যাগাজিন খাতে ৩০ টাকা, ধর্মীয় অনুষ্ঠানে ব্যয় ৩০ টাকা, সাংস্কৃতিক, বির্তক ও বিভিন্ন দিবস উপলক্ষে ৫০ থেকে ১০০ টাকা নির্ধারণ করা হবে।

মিরপুরে পাঁচ শিক্ষককে অর্থদণ্ড

সরকারি নির্দেশ না মানায় পাঁচ শিক্ষককে অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। দণ্ডপ্রাপ্ত শিক্ষকরা হলেন-মিরপুর উপজেলার আমলা ইউনিয়নের নিমতলা গ্রামের আমিরুল ইসলামের ছেলে শুভ (২০), সোহাগ আলী (১৭), সদরপুর ইউনিয়নের সদরপুর গ্রামের আব্দুল মালেকের ছেলে ফিরোজ মাহমুদ (৩০), ফরিদুজ্জামান (২০) এবং আমলা ইউনিয়নের কচুবাড়ীয়া গ্রামের চাঁদ আলীর ছেলে রশিদ আহম্মেদ (২১)।

গতকাল শনিবার দুপুরে কুষ্টিয়ার মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিংকন বিশ্বাসের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালতের একটি দল উপজেলার নিমতলা এলাকার ‘নিমতলা দারুস সালাম অনলাইন মডেল স্কুল-এ অভিযান চালায়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস জানান, গতকাল শনিবার দুপুরে করোনাভাইরাসের সংক্রামণ রোধে সরকারি নির্দেশনা অমান্য করে উক্ত বিদ্যালয়ে নিয়মিত পাঠদান করানো হয় বলে অভিযোগ পাওয়া

যায়।

এসময় বিদ্যালয়ে গিয়ে তার সত্যতা পাওয়া গেলে বিদ্যালয়ের ৫ জন শিক্ষককে আটক করা হলে তারা সরকারি নির্দেশনা অমান্যের বিষয়টি স্বীকার করেন।

পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে দণ্ডবিধি ১৮৬০ এর ২৬৯ ধারায় প্রত্যেককে পাঁচ হাজার টাকা অর্থদণ্ড করা হয়।